

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৩.৯৯.০১৮.১৩-১৫০৬৯/৮(৫২)

তারিখ: ০২/০৯/২৪৩০ বঃ
২৭/১২/২০২৬ খ্রিঃ


বিষয় : ঝুঁকিপূর্ণ অগ্নিকান্ড বা দুর্ঘটনা মোকাবিলায় নিরাপত্তা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানান যাচ্ছে যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স একটি জরুরি সেবামূলী প্রতিষ্ঠান। যে কোন দুর্ঘটনা-দুর্ঘটনায় দ্রুত সাড়া প্রদান করে জনগণের জীবন ও সম্পদ রক্ষায় এ অধিদপ্তরের কর্মীগণ সর্বদা জাগ্রত রয়েছে। দেশের দ্রুত নগরায়ণ ও শিল্পায়নের ফলে অর্থনৈতিক বিকাশ ও সমৃদ্ধি যেমন ঘটছে তেমন ঝুঁকির মাত্রাও বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। এ ক্ষেত্রে অধিদপ্তর নিত্য নতুন বহুমাত্রিক চ্যালেঞ্জ মোকাবিলা করছে এবং দায়িত্ব পালনকালে কর্মীগণ অনেক ক্ষেত্রে ঝুঁকির সম্মুখীন হচ্ছে। কেমিক্যাল দুর্ঘটনা, গ্যাস সিলিন্ডার বিস্ফোরণজনিত দুর্ঘটনাসহ জটিল ও অজ্ঞাত কারণে সংঘটিত দুর্ঘটনা মোকাবিলায় তাৎক্ষণিক ঝুঁকি নিরূপণপূর্বক দ্রুত সুষ্ঠুভাবে সেবা প্রদানের লক্ষ্যে নিম্নবর্ণিত নির্দেশনা প্রতিপালন করতে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নির্দেশনাসমূহ:

১. কেমিক্যাল বা বিস্ফোরণ জাতীয় দ্রব্যের অগ্নিকান্ড বা দুর্ঘটনা মোকাবিলায় ঝুঁকিভেদে প্রয়োজনে চেইন অব কমান্ডের মাধ্যমে পরিচালক (অপাঃ ও মেইনঃ) এর পরামর্শ গ্রহণ।
২. সংঘটিত এ ধরনের দুর্ঘটনায় উপস্থিত সিনিয়র কর্মকর্তা কর্তৃক ইনসিডেন্ট কমান্ডার হিসেবে বিশেষ গুরুত্ব সহকারে দায়িত্ব পালন।
৩. ইনসিডেন্ট কমান্ডার যদি প্রত্যক্ষ করেন বিস্ফোরক জাতীয় কোন বস্তু রয়েছে বা থাকার সম্ভাবনা রয়েছে, সে ক্ষেত্রে Explosive Expert কর্তৃক মতামত গ্রহণ অথবা সরকারের দায়িত্ব প্রাপ্ত সংস্থা কর্তৃক Disarmed করার পর ফায়ার সার্ভিসের ইউনিট অপারেশন কার্যক্রম শুরুকরণ।
৪. বিস্ফোরণজনিত দুর্ঘটনায় অংশগ্রহণকৃত কর্মকর্তা-কর্মচারীর Explosive Ordnance Disposal (EOD) পিপিই পরিধান নিশ্চিতকরণ।
৫. অকুস্থলে উপস্থিত সিনিয়র কর্মকর্তা কর্তৃক দুর্ঘটনাস্থল পর্যবেক্ষণ করে দুর্ঘটনাস্থল সুরক্ষিত দেখা গেছে (Seen Secured) কি না তা পরিষ্কার-নিরীক্ষা করে যথাযথ কর্তৃকপক্ষের মাধ্যমে পরিচালক (অপাঃ ও মেইনঃ) কে তা অবহিত করা এবং সার্বক্ষণিকভাবে নিয়ন্ত্রণ কক্ষের সাথে যোগাযোগ সংরক্ষণ করা।

“মনে রাখতে হবে, নিরাপত্তাই সর্ব-প্রথম এবং সর্বোচ্চ অগ্রাধিকার”।


২৭/১২/২০২৬

লেঃ কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী
এসজিপি, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

উপপরিচালক:

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/
বরিশাল/সিলেট/ময়মনসিংহ।

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

- ১। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- ২। পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(পঃ উঃ প্রঃ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৩। উপপরিচালক (প্রশাঃ ও অর্থ)/(অপাঃ ও মেইনঃ)/(পরিচালনা কোষ)/(উন্নয়ন)/(এ্যাম্বুলেন্স), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৪। অধ্যক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ট্রেনিং কমপ্লেক্স, মিরপুর, ঢাকা।
- ৫। সহকারী পরিচালক (প্রশাঃ ও অর্থ)/(অপারেশন)/(ওয়ারহাউজ এন্ড ফায়ার প্রিভেনশন)/(ক্রয় ও স্টোর)/(পরিচালনা কোষ)/(প্রশিক্ষণ)/(উন্নয়ন), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৬। সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স,(সকল)। তাঁকে তার আওতাধীন সকল দপ্তর/ফায়ার স্টেশনে পত্রটি প্রেরণসহ প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
- ৭। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল/কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষ/মিডিয়া সেল, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ৯। সহকারী যোগাযোগ প্রকৌশলী, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ১০। মেকানিক্যাল ট্রান্সপোর্ট অফিসার, কেন্দ্রীয় কারিগরি কারখানা, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, কেন্দ্রীয়/বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/বরিশাল/সিলেট/ময়মনসিংহ(তাকে বার্তাটি সংশ্লিষ্ট সকলকে অবহিত করতে অনুরোধ করা হলো)।